গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
www.pmo.gov.bd

## দ্বাদশ শ্রেণি পর্যন্ত দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে 'বিজয় ফুল' তৈরি, গল্প ও কবিতা রচনা, কবিতা আবৃত্তি, চিত্রাঙ্কন, একক অভিনয়, চলচ্চিত্র নির্মাণ এবং দলগত দেশাত্মবোধক ও জাতীয় সংগীত প্রতিযোগিতা আয়োজন সংক্রান্ত ২য় প্রস্তুতি সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আবুল কালাম আজাদ<br>মুখ্য সমন্বয়ক (এসডিজি), প্রধানমন্ত্রীর কার্যালয়। |
| তারিখ ও সময় | : | ১০ অক্টোবর ২০১৮, বিকাল ০৫:০০ ঘটিকা |
| সভার স্থান | : | প্রধানমন্ত্রীর কার্যালয়ের সভাকক্ষ (২য় তলা) |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভাকে অবহিত করেন যে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে 'বিজয় ফুল' তৈরি ও অন্যান্য প্রতিযোগিতা সংক্রান্ত ১ম প্রস্তুতি সভা গত ০৫.০৯.২০১৮ তারিখে অনুষ্ঠিত হয়েছিল। পরবর্তীতে মন্ত্রিপরিষদ সচিবের সভাপতিত্বে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আন্তঃমন্ত্রণালয় সভার মাধ্যমে প্রয়োজনীয় দিক্-নির্দেশনা সংশ্লিষ্ট সকলকে ইতোমধ্যে প্রদান করা হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী 'বিজয় ফুল' ও অন্যান্য প্রতিযোগিতা সংক্রান্ত সার্বিক সমন্বয় কমিটির গত ০৭.১০.২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি সংশ্লিষ্ট দপ্তরের পক্ষ থেকে সভায় উপস্থাপন করা হয়। অতঃপর সভাপতি কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে সকলের মতামত আহ্বান করেন। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রম: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | **মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত বাস্তবায়ন:**<br>মন্ত্রিপরিষদ বিভাগের গত ০৭.১০.২০১৮ তারিখে অনুষ্ঠিত 'বিজয় ফুল' ও অন্যান্য প্রতিযোগিতা সংক্রান্ত সার্বিক সমন্বয় কমিটি'র সভায় গৃহীত সিদ্ধান্তের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি উল্লিখিত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করেন। | 'বিজয় ফুল' ও অন্যান্য প্রতিযোগিতা সংক্রান্ত সার্বিক সমন্বয় কমিটি'র সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/জেলা প্রশাসন |
| ০২. | **কর্মসূচির থিম সং:**<br>এটুআই কর্তৃক তৈরিকৃত থিম সং নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। থিম সং-কে সম্পাদনা করে আরও আকর্ষণীয় করার বিষয়ে সদস্যগণ অভিমত ব্যক্ত করেন। | সদস্যগণের মতামত অনুযায়ী থিম সং সম্পাদনা করে আরও আকর্ষণীয় করার বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | এটুআই প্রকল্প |
| ০৩. | **ফুলবন্ধু ডিজিটাল প্লাটফর্ম:**<br>এটুআই কর্তৃক প্রস্তুতকৃত ফুলবন্ধু ডিজিটাল প্লাটফর্মের উদ্বোধন এবং গেমস্-এর কুইজ নিয়ে সভায় আলোচনা করা হয়। সভাপতি যথাশীঘ্র আনুষ্ঠানিকভাবে ফুলবন্ধু ডিজিটাল প্লাটফর্মের উদ্বোধনের ওপর গুরুত্বারোপ করেন। এছাড়া, গেমস্-এর কুইজ সংক্রান্ত প্রশ্নসমূহ যাচাই করে দেখার জন্যও | (ক) ফুলবন্ধু ডিজিটাল প্লাটফর্মের আনুষ্ঠানিক উদ্বোধন করতে হবে; এবং<br><br>(খ) গেমস্-এর কুইজ অংশের প্রশ্নসমূহ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা | (ক) এটুআই প্রকল্প<br><br>(খ) মন্ত্রিপরিষদ বিভাগ |

৬৭

| ক্রম: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | সভায় আলোচনা করা হয়। | মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ এবং এটুআই প্রতিনিধির সমন্বয়ে মন্ত্রিপরিষদ বিভাগ যাচাই করবে। | |
| ০৪. | **‘বিজয় ফুল’ তৈরির কৌশল:**<br>বিটিভি’র মহাপরিচালক সভাকে অবহিত করেন যে কর্মসূচি সংক্রান্ত ঘোষণা এবং ‘বিজয় ফুল’ তৈরির কৌশল সংক্রান্ত অনুষ্ঠান কিছু সম্পাদনা সাপেক্ষে বিটিভি শীঘ্রই প্রচার করবে। এছাড়া, ‘বিজয় ফুল’ তৈরির কৌশল সংক্রান্ত অনুষ্ঠানটি ছোট ছোট ক্লিপে বিভক্ত করেও নিয়মিত প্রচার করা হবে। তিনি সভাকে আরও অবহিত করেন যে বেসরকারি ৬টি টিভি চ্যানেলে প্রতিযোগিতা সংক্রান্ত ঘোষণা ও বিজয় ফুল তৈরির কৌশল প্রচারিত হবে। সভাপতি কর্তৃক বিজয় ফুল তৈরি প্রতিযোগিতার বিষয় বিভিন্ন টিভি চ্যানেলের টক-শো’তে অন্তর্ভুক্তির বিষয়ে তথ্য মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করা হয়। | (ক) বিটিভিসহ অন্যান্য বেসরকারি টিভি চ্যানেলে কর্মসূচি সংক্রান্ত ঘোষণা এবং ‘বিজয় ফুল’ তৈরির কৌশল সংক্রান্ত অনুষ্ঠান ১১ অক্টোবর থেকে প্রচার শুরু করতে হবে।<br><br>(খ) বিজয় ফুল তৈরি প্রতিযোগিতার বিষয় বিভিন্ন টিভি চ্যানেলের টক-শো’তে অন্তর্ভুক্তির বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিটিভি/তথ্য মন্ত্রণালয় |
| ০৫. | **পত্রিকায় বিজ্ঞপ্তি ও ফিচার প্রকাশ:**<br>‘বিজয় ফুল’ তৈরির কৌশল ছবিসহ পত্রিকায় প্রচার এবং ‘বিজয় ফুল’ সংক্রান্ত ফিচার পত্রিকায় ছাপানোর বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (ক) ‘বিজয় ফুল’ তৈরির কৌশল ছবিসহ পত্রিকায় প্রচার করতে হবে; এবং<br>(খ) ‘বিজয় ফুল’ সংক্রান্ত ফিচার পত্রিকায় ছাপানোর উদ্যোগ গ্রহণ করতে হবে। | তথ্য মন্ত্রণালয়/চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর |
| ০৬. | **‘বিজয় ফুল’ তৈরি:**<br>শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে গ্রুপভিত্তিক প্রতিযোগিতায় বিজয়ী প্রতিযোগী পরবর্তী পর্যায়ে নতুন করে ‘বিজয় ফুল’ তৈরি করবে কি না সে বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে গ্রুপভিত্তিক প্রতিযোগিতায় বিজয়ী প্রতিযোগী তার ফুল নিয়ে পরবর্তী পর্যায়সমূহে অংশগ্রহণ করবে। এক্ষেত্রে বিজয়ী প্রতিযোগীর পরবর্তী পর্যায়ে নতুন করে ‘বিজয় ফুল’ তৈরি করতে হবে না। | উপজেলা/জেলা/মহানগর ও বিভাগীয় কমিটি |
| ০৭. | **বিজয় ফুলের রঙ:**<br>বিজয় ফুলের রঙ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় অভিমত ব্যক্ত করা হয়ে যে বিজয় ফুলের রঙ সাদা বা লাল হতে পারে। শ্রেষ্ঠ বিজয় ফুল নির্বাচনের ক্ষেত্রে নান্দনিকতা ও নিপুণতা বিবেচনা করার বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | বিজয় ফুলের রঙ সাদা বা লাল হতে পারে। শ্রেষ্ঠ বিজয় ফুল নির্বাচনের ক্ষেত্রে নান্দনিকতা ও নিপুণতা বিবেচনা করতে হবে। | ‘বিজয় ফুল’ তৈরি ও অন্যান্য প্রতিযোগিতা-সংশ্লিষ্ট সকল কমিটি |

| ক্রম: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৮. | **প্রতিযোগিতার তারিখ নির্ধারণ:** সভা অবহিত হয় যে প্রতিযোগিতা আগামী ১৭ অক্টোবর শিক্ষা প্রতিষ্ঠানে, ২০ অক্টোবর উপজেলা, ২৩ অক্টোবর জেলা এবং ২৭ অক্টোবর ২০১৮ তারিখে বিভাগীয় পর্যায়ে অনুষ্ঠিত হবে। কিন্তু ঐ সময় দুর্গাপূজার ছুটি থাকবে বিধায় প্রতিযোগিতার দিন শিক্ষার্থীর উপস্থিতির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এক্ষেত্রে নভেম্বর মাসের মাঝামাঝি থেকে প্রতিযোগিতা আয়োজন করা যেতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | নভেম্বর মাসের মাঝামাঝি থেকে প্রতিযোগিতা আয়োজন করা যেতে পারে। | প্রতিযোগিতা-সংশ্লিষ্ট কমিটি |
| ০৯. | **'বিজয় ফুল' উৎসবের আয়োজন:** আগামী ১-১৫ ডিসেম্বর ২০১৬ 'বিজয় ফুল' উৎসবের আয়োজনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উৎসব চলাকালে সকলে বুকে 'বিজয় ফুল' ধারণ এবং শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে প্রতিযোগিতায় প্রস্তুতকৃত 'বিজয় ফুল' নিয়ে এ উৎসব আয়োজন করা যেতে পারে। | আগামী ১-১৫ ডিসেম্বর ২০১৮ 'বিজয় ফুল' উৎসবের আয়োজন করতে হবে। | সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/ প্রতিযোগিতা-সংশ্লিষ্ট কমিটি |
| ১০. | **ফলোআপ সভা:** সার্বিক সমন্বয় কমিটি'র গত ০৭.১০.২০১৮ তারিখের সভার আলোকে দুই সপ্তাহ পর আরো একটি ফলোআপ সভা আয়োজনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | দুই সপ্তাহ পর সার্বিক সমন্বয় কমিটি কর্তৃক আরও একটি ফলোআপ সভা করতে হবে। | সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ |
| ১১. | **ই-মেইলে মতামত প্রদান:** 'বিজয় ফুল' তৈরি প্রতিযোগিতার যে কোনো বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয় ও এটুআই বরাবর ই-মেইলের মাধ্যমে মতামত প্রদানের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | 'বিজয় ফুল' তৈরি প্রতিযোগিতার যে কোনো বিষয়ে নিম্নোল্লিখিত ই-মেইলে মতামত প্রদান করা যাবে;<br>(ক) জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ - mostafiz1bd@yahoo.com;<br>(খ) জনাব মোঃ মোকাম্মেল হোসেন, অতিরিক্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় shofin21@yahoo.com; এবং<br>(গ) মিজ্ পূরবী মতিন, কনসালট্যান্ট, এটুআই- purabimatin.a2i@gmail.com | প্রতিযোগিতা-সংশ্লিষ্ট সকল |

০২। সভাপতি সভাকে অবহিত করেন যে আগামী ১৩ ডিসেম্বর ২০১৮ 'বিজয় ফুল' তৈরি ও অন্যান্য প্রতিযোগিতার জাতীয় পর্যায়ের প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকতে পারেন। আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/=
(মোঃ আবুল কালাম আজাদ)
মুখ্য সমন্বয়ক (এসডিজি)
প্রধানমন্ত্রীর কার্যালয়।

নম্বর: ০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০১৩.১৮.৪৯২

তারিখ: ৩০ আশ্বিন ১৪২৫ / ১৫ অক্টোবর ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ/পররাষ্ট্র মন্ত্রণালয়।
৩. সচিব, তথ্য মন্ত্রণালয়/সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ/সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ/প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/জননিরাপত্তা বিভাগ/জনপ্রশাসন মন্ত্রণালয়/সমাজকল্যাণ মন্ত্রণালয়/তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ/অর্থ বিভাগ/ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৪. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন/বাংলাদেশ বেতার/প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর/শিল্পকলা একাডেমি/ইসলামিক ফাউন্ডেশন/চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর।
৫. বিভাগীয় কমিশনার ... ... ...(সকল)।
৬. জেলা প্রশাসক ... ... ...(সকল)।
৭. প্রকল্প পরিচালক, এটুআই প্রকল্প।
৮. পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি।

অনুলিপি:

০১. মহাপরিচালক (সকল), প্রধানমন্ত্রীর কার্যালয়।
০২. পরিচালক (সকল), প্রধানমন্ত্রীর কার্যালয়।
০৩. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/মুখ্য সমন্বয়ক (এসডিজি)/সচিব-এর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

(মোঃ আহসান কিবরিয়া সিদ্দিকি)
পরিচালক (প্রশাসন)
ফোন: +৮৮০-২-৫৫০২৯৪৩৫
ই-মেইল: diradmin@pmo.gov.bd